অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল, অন্য নয় জন গভর্নর প্রভাবশালী জলবায়ু পদক্ষেপ পাসের জন্য আহ্বান জানিয়ে কংগ্রেশনাল নেতৃত্বকে চিঠি দিয়েছেন

চিঠিতে কংগ্রেসকে প্রেসিডেন্ট বাইডেনের বিল্ড ব্যাক বেটার এজেন্ডার মূল উপাদানগুলি যা জলবায়ু রক্ষা করে সেগুলিকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান করা হয়েছে

গভর্নরগণ অনুরোধ করেছেন যে জলবায়ু এবং পরিচ্ছন্ন অবকাঠামো বিনিয়োগের সুবিধার 40 শতাংশ যেন অনগ্রসর কমিউনিটিগুলিকে দেওয়া হয়

চিঠিটি দেখতে এখানে ক্লিক করুন

গভর্নর হোচুল এবং অন্য নয় জন গভর্নর আজকে উভদলীয় অবকাঠামো ডিল এবং একটি সাহসী প্রশমন বিল যা এই সময়ের দাবী পূরণ করে এবং জলবায়ু সংকট মোকাবেলা করে তা পাসের জন্য আহ্বান জানিয়ে হাউজের স্পিকার ন্যান্সি পেলোসি এবং সিনেট সংখ্যাগরিষ্ঠদের নেতা চাক শুমারকে চিঠি দিয়েছেন। গভর্নরগণ কংগ্রেসকে প্রেসিডেন্ট বাইডেনের বিল্ড ব্যাক বেটার এজেন্ডার (Build Back Better Agenda) মূল উপাদানগুলি যেগুলি জলবায়ু রক্ষায় সবচেয়ে কার্যকর অবদান রাখবে সেগুলিকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান করা হয়েছে, যার মধ্যে রয়েছে কার্বন মুক্ত গ্রিদ, পরিবহন ব্যবহস্থার বৈদ্যুতিকায়ন, এবং জলবায়ু সহনশীলতা বৃদ্ধিতে বিনিয়োগকারী প্রকল্পসমূহ। গভর্নরগণ আরও অনুরোধ করেছেন যে এই বিধানিক প্যাকেজে অন্তর্ভুক্ত জলবায়ু এবং পরিচ্ছন্ন অবকাঠামো বিনিয়োগের সুবিধার 40 শতাংশ যেন অনগ্রসর কমিউনিটিগুলিকে দেওয়া হয়।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হলো:

1 সেপ্টেম্বর, 2021

প্রিয় স্পিকার পেলোসি এবং সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার:

এই দেশের বিভিন্ন অঞ্চলের গভর্নর হিসাবে, আমরা অভূতপূর্ব আইন অয়াসে আওনাদের যৌথ প্রচেষ্টার দৃঢ় সমর্থন করি যা লক্ষ লক্ষ ভালো চাকরি তৈরি করবে, আমাদের দেশের অবকাঠামোকে পুনর্নির্মাণ করবে, জন স্বাস্থ্য উন্নত করবে, পরিবেশগত ন্যায়বিচার বৃদ্ধি করবে এবং জলবায়ু সংকট মোকাবেলা করবে।

জলবায়ু পরিবর্তন পশ্চিমের দাবানল, পূর্বে ঝুঁকি হয়ে আসা হারিকেন, দেশজুড়ে মানুষ এবং প্রাণীকুলকে হুমকির মুখে ফেলা অত্যধিক তাপমাত্রা ইত্যাদির মাধ্যমে তীব্র হচ্ছে। এখন সময়ে হয়েছে সাহসী জলবায়ু পদক্ষেপ নেওয়ার। জলবায়ু পরিবর্তন সম্পর্কে আন্তঃসরকারি প্যানেল (Intergovernmental Panel on Climate Change, IPCC) এর সাম্প্রতিক প্রতিবেদনে আমরা যা ইতোমধ্যেই জানি তা জানানো হয়েছে - অপরিবর্তনীয় জলবায়ু ক্ষয়ক্ষতি এড়ানোর সময় শেষ হয়ে আসছে এবং আমাদের দ্রুত এবং সামগ্রিকভাবে পদক্ষেপ নিতে হবে।

নভেম্বরের 26তম জাতিসংঘ জলবায়ু পরিবর্তন কনফারেন্স অফ পার্টিস (United Nations Climate Change Conference of Parties, COP 26) এর প্রাক্কালে, এটি অত্যাবশ্যক যে মার্কিন যুক্তরাষ্ট্র প্রমাণ করে যে আমেরিকা জলবায়ু সংকটে নেতৃত্ব দিতে এবং তার সফল মোকাবেলার জন্য প্রস্তুত। প্রেসিডেন্ট বাইডেন 2005 সালের গ্রিন হাউজ গ্যাসের চেয়ে 2030 সাল নাগাদ আমেরিকার গ্রিন হাউজ গ্যাস নির্গমন 50 থেকে 52 শতাংশ কমিয়ে আনার অঙ্গীকার করেছেন। আমেরিকার এই লক্ষ্য পূরণ নির্ভর করবে আমরা আজকে জলবায়ু পরিবর্তন কিভাবে মোকাবেলা করছি তার উপর।

প্রেসিডেন্ট বাইডেন আমেরিকাকে একটি ন্যায্যএবং সমতাপূর্ণ উপায়ে পুনর্নির্মাণ করতে এবং একবিংশ শতাব্দীতে আমেরিকার অর্থনীতি যেন সমৃদ্ধ হয় তা নিশ্চিত করতে বিল্ড ব্যাক বেটার এজেন্ডা প্রস্তাব করেন। বিল্ড ব্যাক বেটার এজেন্ডার লক্ষ্য পূরণে কংগ্রেস কর্তৃক উভদলীয় অবকাঠামো ডিল এবং একটি সাহসী সামগ্রিক প্রশমন বিলের উভয়কে গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিল্ড ব্যাক বেটার এজেন্ডার প্রতিটি উপাদান একটি অবকাঠামো প্যাকেজে অন্তর্ভুক্তির উপযোগী, কিন্তু জলবায়ু সংকট মোকাবেলার অগ্রভাগে থাকা স্টেটের গভর্নর হিসাবে, আমরা ঐসব একীভূত প্যাকেজগুলির প্রতি বিশেষ গুরুত্ব দেই যেগুলিতে সবচেয়ে কার্যকর পদক্ষেপ রয়েছে যা আমাদের জলবায়ুকে রক্ষা করবেঃ

- কার্বন মুক্ত গ্রিডঃ একটি পরিচ্ছন্ন বিদ্যুৎ ক্ষমতা প্রকল্প (Clean Electricity Performance Program), পরিচ্ছন্ন শক্তি উৎপাদন এবং সংরক্ষণের জন্য বিশেষ ট্যাক্স ক্রেডিট এবং বিদ্যুৎ ট্রান্সমিশন আপগ্রেড এবং নবায়ন করার জন্য তহবিল।
- পরিবহন বিদ্যুতিকায়ন নির্গমন মুক্ত যানবাহন তৈরির জন্য ট্যাক্স ক্রেডিট; নির্গমন মুক্ত যানবাহন কেনার জন্য ভোক্তাদের জন্য প্রণোদনা, বিশেষ করে স্বল্প আয়ের ভোক্তাদের জন্য; নির্গমন মুক্ত অবকাঠামোর তহবিল প্রদান; এবং চার্জিং এর ক্ষেত্রে নির্দিষ্ট ফেডারেল কাঠামো নির্দিষ্ট কাজে ব্যবহারের (federal rights of way) আইনি বাধা অপসারণ।
- মিথেন নির্গমন হ্রাসঃ পরিত্যক্ত কুয়া বন্ধ করার জন্য তহবিল এবং বাড়তি মিথেন পোড়ানো এবং নির্গমনের জন্য মিথেন দূষক ফি চালু করা।
- জলবায়ু-স্মার্ট কৃষি কৃষক এবং গ্রামীণ সম্প্রদায়গুলিতে জলবায়ু-স্মার্ট কৃষি এবং বনাঞ্চল রক্ষণাবেক্ষণ প্রকল্পে বিনিয়োগ।
- জলবায়ু সহনশীলতাঃ জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে কমিউনিটি এবং পরিবহন অবকাঠামোকে রক্ষা করার জন্য তহবিল প্রদান, পাশাপাশি একটি নতুন, সর্বাঙ্গীণ সিভিলিয়ান ক্লাইমেট কোরের (Civilian Climate Corps) জন্য তহবিল।

- পরিচ্ছন্ন নির্মাণের প্রণোদনাঃ বাড়ি বৈদ্যুতিকায়ন এবং আবহাওয়ার প্রভাব থেকে রক্ষার নতুন উদ্যোগের জন্য ভোক্তা রেয়াত।
- পরিচ্ছন্ন শক্তি এবং টেকসইতা এক্সিলারেটরঃ বেসরকারি বিনিয়োগকে বিতরণযোগ্য শক্তির উৎস; আবাসিক, বাণিজ্যিক এবং মিউনিসিপাল ভবনের বর্ধন; এবং পরিচ্ছন্ন পরিবহন ক্ষেত্রে ত্বরান্বিত করতে একটি এক্সিলারেটর প্রতিষ্ঠা।

আমরা বিনীতভাবে অনুরোধ করতে চাই যাতে যেকোনো অবকাঠামো প্যাকেজ নিশ্চিত করে যে জলবায়ু এবং পরিচ্ছন্ন অবকাঠামো বিনিয়োগের সুবিধার 40 শতাংশ যেন অনগ্রসর কমিউনিটিগুলিকে দেওয়া হয় এবং গ্রামীণ সম্প্রদায় এবং পরিচ্ছন্ন শক্তির দিকে বাজার ভিত্তিক পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে বিনিয়োগ করা হয়। আমরা আপনাদের দুইজনের সাথে আরও উন্নত করে গড়ে তুলতে উদগ্রীব এবং এই গুরুত্বপূর্ণ এজেন্ডা অগ্রসর করার জন্য পদক্ষেপ নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

বিনীত,

গভর্নর ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক
গভর্নর গ্যাভিন নিউসম, ক্যালিফোর্নিয়া
গভর্নর নেড লামন্ট, কাইনেটিকাট
গভর্নর ডেভিড ইগে, হাওয়াই
গভর্নর জ্যানেট মিলস, মেইন
গভর্নর স্টিভ সিসোল্যাক, নেভাডা
গভর্নর কেট ব্রাউন, অরেগন
গভর্নর টম উলফ, পেনসিলভেনিয়া
গভর্নর ড্যান ম্যাকি, রোড আইল্যান্ড
গভর্নর জে ইন্সলি, ওয়াশিংটন

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন